# প্রবাসী কল্যাণ ব্যাংক

"দেশে ও প্রবাসে, আপনারই পাশে"
প্রধান কার্যালয়, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০
www.pkb.gov.bd

শাখা পরিচালন, ব্যবসা উন্নয়ন, পরি কল্পনা ও গবেষণা বিভাগ

নং ৫৩.১৬.২৬৬৬.৯০৯.২২.০০৩.২৪-১৫২৮ তারিখঃ ০৮.০৪.২০২৪ খ্রিঃ

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ব্যাংক, সকল শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (নীতি শাখা-৩) এর ৩০ মে ২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ১০ এর নির্দেশনা মোতাবেক আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনে ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের সাইবার নিরাপত্তাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো। তাছাড়া বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ০৫.০৭.২০১৫ এবং বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখঃ ১৭.০৯.২০১৫ এর মাধ্যমে ইস্যুকৃত গাইডলাইন এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

২.০ ছুটির দিনসহ ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হওয়ার পর রাত্রিকালীন আকস্মিক ভিত্তিতে কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করার ব্যবস্থা করা, ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনগুলোতে ব্যাংকের আইটি সিস্টেম, বিভিন্ন স্থাপনা এবং ভল্টের নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করতে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে পালাক্রমে তদারকির ব্যবস্থা গ্রহণ করা এবং ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিকটবর্তী থানা অর্থাৎ পুলিশ ষ্টেশন, র‍্যাব অফিস ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার পরামর্শ দেয়া হলো।

৩.০ সকলের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা সম্বলিত পত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৪ (চার) ফর্দ।

08/04/2024.

(মোহাম্মদ মাফিজুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান
শাখা পরিচালন, ব্যবসা উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১. বিভাগীয় প্রধান/প্রিন্সিপাল/সহকারী মহাব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
২. অঞ্চল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক
(প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের নিমিত্ত তদারকিকরণের অনুরোধসহ);
৩. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৪. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
(উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৫. মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
(মহাব্যবস্থাপক মহোদয়ের সদয় অবগতির জন্যে);
৬. সিস্টেম এনালিস্ট/সহকারী প্রোগ্রামার, আইটি সিস্টেমস ও সাইবার সিকিউরিটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা; অত্র ব্যাংকের নোটিশ বোর্ডে "প্রবাসী কল্যাণ ব্যাংক, সকল শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে" শিরোনামে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
নীতি শাখা-৩

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

১৬ জ্যৈষ্ঠ, ১৪২৬

বিআরপিডি সার্কুলার লেটার নং-১০

তারিখ ঃ -----------------
৩০ মে ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**ব্যাংকের ব্যবসা কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

ব্যাংকের শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ- ৫ জুলাই ২০১৫ এবং আইটি সম্পর্কিত ঝুঁকিসমূহ আরও কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবিলা করার জন্য বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখ- ১৭ সেপ্টেম্বর ২০১৫ এর মাধ্যমে ইস্যুকৃত গাইডলাইন-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনে ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের সাইবার নিরাপত্তাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য আপনাদেরকে বিশেষভাবে নির্দেশনা দেয়া যাচ্ছে।

০৩। ছুটির দিনসহ ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হওয়ার পর রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করার ব্যবস্থা করা, ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনগুলোতে ব্যাংকের আইটি সিস্টেম, বিভিন্ন স্থাপনা এবং ভল্টের নিরাপত্তা সুনিশ্চিত করতে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে পালাক্রমে তদারকির ব্যবস্থা গ্রহণ করা এবং ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিকটবর্তী থানা অর্থাৎ পুলিশ স্টেশন, র‍্যাব অফিস ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করার জন্য পরামর্শ দেয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(এ.কে.এম.আমজাদ হোসেন)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ০৭

আষাঢ় ২১, ১৪২২
তারিখ ঃ ----------------
জুলাই ০৫, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

ব্যাংকের শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-৩/২০১২, ৩/২০১৪, ১৮/২০১৪, ১৯/২০১৪ ও ৬/২০১৫ জারী করা হয়েছে। উক্ত নির্দেশনাসমূহ সংযোজন, পরিবর্ধন ও পরিমার্জনপূর্বক সমন্বিত আকারে এই সার্কুলার জারী করা হলো ঃ-

(১) ব্যাংক স্থাপনার অধিকতর নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যাংক শাখার প্রবেশ পথে, শাখার অভ্যন্তরে, শাখার বাহিরে চতুর্দিকে এবং সকল ধরনের আইটি রুম (IT Room) এ প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি/আইপি ক্যামেরা/স্পাই ক্যামেরা স্থাপন করতে হবে যেগুলো ব্যাংকের সেন্ট্রাল ইনফরমেশন নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকবে। সিসিটিভিগুলো যেন সার্বক্ষনিক সচল থাকে তা নিশ্চিত করতে হবে। সিসিটিভি অপারেশনের জন্য Access Control System চালু করতে হবে। Access Authorization কোন ক্রমেই ডেলিগেট করা যাবে না। নির্ধারিত কর্মকর্তার অনুপস্থিতিকালে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সমমানের অথবা তদূর্ধ্ব পদের কর্মকর্তাকে Access Control এর দায়িত্ব দিতে হবে। সিসিটিভির দায়িত্বে থাকা কর্মকর্তাদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। ব্যাংক স্থাপনায় ধারণকৃত সকল সিসিটিভি ভিডিও ফুটেজ ধারণের সময় হতে ন্যূনতম এক বছর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

(২) ব্যাংকের সকল শাখায় পর্যায়ক্রমে এন্টি থেফট এলার্ম (Anti Theft Alarm) স্থাপন করতে হবে।

(৩) ব্যাংক ভল্টের নিরাপত্তার বিষয়টি অধিকতর শক্তিশালী ও মজবুত করার লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে ঃ

ক) কাঠামোগত নিরাপত্তা ঃ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংকসমূহ তাদের নিরাপত্তা ব্যবস্থা ও ভল্ট রুমের ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনে গঠিত উচ্চ পর্যায়ের কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন (যা উক্ত ব্যাংকসমূহের নিকট ডিসেম্বর ২৩, ২০১৪ তারিখে প্রেরিত) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে। অন্যান্য ব্যাংকসমূহ তাদের ভল্ট স্পেস বিশেষভাবে সুরক্ষিত করার লক্ষ্যে তাদের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালার আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। মেঝে ও ছাদসহ ভল্টের চারপাশের নির্মিত দেয়ালের অবকাঠামোগত নিরাপত্তার বিষয়টি পুর প্রকৌশলী কর্তৃক প্রত্যায়িত হতে হবে।

খ) প্রযুক্তিগত নিরাপত্তা ঃ ভল্টে সিকিউরিটি অ্যালার্মের সার্বক্ষণিক ব্যবস্থা রাখতে হবে। ভল্টের সিকিউরিটি সিস্টেমের সাথে ব্যাংকের সেন্ট্রাল ইনফরমেশন সিস্টেমের নিরবিচ্ছিন্নভাবে সংযোগের ব্যবস্থা রাখতে হবে। ভল্টের অভ্যন্তরে অটোমেটেড ফায়ার এক্সটিংগুইশার স্থাপন করতে হবে।

গ) ভল্টে নগদ অর্থ সংরক্ষণ সীমা ঃ ভল্টে সীমাতিরিক্ত নগদ অর্থ যেন সংরক্ষণ করা না হয় সে বিষয়ে বিশেষভাবে সতর্ক থাকতে হবে।

ঘ) বীমা নিরাপত্তা ঃ রাষ্ট্র মালিকানাধীন সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংককে তাদের ভল্টে রক্ষিত অর্থের উপর অনাকাঙ্খিত ঝুঁকি মোকাবেলার জন্য পৃথকভাবে তহবিল গঠন করতে হবে এবং অন্যান্য ব্যাংককে তাদের ভল্টে রক্ষিত সকল অর্থের পূর্ণ বীমা আচ্ছাদন নিশ্চিত করতে হবে।

(৪) ব্যাংকের নিরাপত্তা প্রহরী নিয়োগের পূর্বে তার/তাদের ব্যাপারে যথাযথ সকল তথ্য সংগ্রহপূর্বক সংরক্ষণ করতে হবে।

(৫) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নিরাপত্তার জন্য অধিক সংখ্যক সশস্ত্র নিরাপত্তা প্রহরী নিয়োজিত করতে হবে।

(৬) ব্যাংকের নিরাপত্তায় নিয়োজিত সশস্ত্র নিরাপত্তা প্রহরীদের অস্ত্র চালানোর পর্যাপ্ত প্রশিক্ষণদানের ব্যবস্থা করতে হবে।

(৭) ব্যাংক স্থাপনায় চুরি, ডাকাতিসহ যে কোন ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি মোকাবেলা ও প্রতিরোধের জন্য ত্বরিৎ পদক্ষেপ হিসেবে প্রতিটি ব্যাংক শাখায় Auto Alerm Systems চালু করতে হবে। উক্ত সিস্টেমস এ সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়, নিকটবর্তী থানা ও র‍্যাব অফিসসহ অন্যান্য ১০টি গুরুত্বপূর্ণ নাম্বারে (হটলাইন) সংযোগ থাকতে হবে।

(৮) ব্যাংক শাখার চারপাশে বসবাসকারী বাসিন্দাদের/অবস্থানকারীদের তথ্য সংগ্রহ করে তা সংশ্লিষ্ট শাখায় সংরক্ষণ করতে হবে এবং তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখার মাধ্যমে সামাজিক সম্পর্ক জোরদার করতে হবে।

(৯) সরকারী ও সাপ্তাহিক ছুটির দিনে এবং ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হবার পর রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে সুনির্দিষ্ট কর্মকর্তা ব্যাংক শাখা পরিদর্শন করবেন।

আপনাদের ব্যাংকের সকল শাখাসমূহে উপরোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ ও তা নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০২৫২।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং-০৯

০২ আশ্বিন, ১৪২২
তারিখ ঃ ---------------------
১৭ সেপ্টেম্বর, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Guidelines on ICT Security for Banks and**
**Non-Bank Financial Institutions পরিপালন প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১৪, তারিখঃ অক্টোবর ২৩, ২০০৫ এবং বিআরপিডি সার্কুলার নং-২১, তারিখঃ মে ২০, ২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বাংলাদেশ ডিজিটালাইজেশন যুগে প্রবেশ করায় অন্যান্য প্রযুক্তির পাশাপাশি আইসিটি প্রযুক্তি ক্ষেত্রে উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। প্রযুক্তির ক্রমোন্নতির এ ধারায় বাংলাদেশের ব্যাংকিং সেক্টরে যথেষ্ট অগ্রগতি সাধিত হলেও এতদ্‌সংশ্লিষ্ট ঝুঁকি ক্রমান্বয়ে জটিল থেকে জটিলতর রূপ ধারণ করছে। বাংলাদেশ ব্যাংক আলোচ্য ঝুঁকিসমূহ চিহ্নিতকরণ ও মোকাবেলায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষিতে, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর আইটি সম্পৃক্ত ঝুঁকিসমূহ আরও কার্যকর ও ফলপ্রসূভাবে মোকাবিলা করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক এবং বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত কমিটির পর্যবেক্ষণ ও স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে ২০০৫ সনে প্রবর্তিত ও পরবর্তীতে ২০১০ সালে সংশোধিত Guideline on ICT Security for Banks and Non-Bank Financial Institutions এ কতিপয় সংশোধনী আনা হয়েছে। সংশোধিত গাইডলাইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট www.bb.org.bd এ পাওয়া যাবে। গাইডলাইনটি অনুসরণ/পরিপালন করার জন্য নির্দেশ দেয়া হলো।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ছাইফুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩৪১।